

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

অডিট ও আইন শাখা

[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয় : ২০১৬-২০১৭ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি তরাঙ্খিতকরণের নিমিত্তে  
নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : অশোক মাধব রায়, সচিব।  
সভার তারিখ : ০৯-০৫-২০১৭ খ্রিঃ।  
সময় : বেলা ২.৩০ ঘটিকা।  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ ( কক্ষ নং-৮০৬-৮০৮)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

#### আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে শেখ কামরুল হাসান, উপসচিব ও শুদ্ধাচার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। এরপর দপ্তর/সংস্থার প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। ২০১৬-১৭ অর্থ বছরের কার্যক্রমকে গতিশীলভাবে সমাপ্ত করাসহ পরবর্তী বছরে উক্ত ধারাবাহিকতা বজায় রাখার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

#### সিদ্ধান্ত :

- ১) জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০১৬-১৭ এর ১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী মে/জুন ২০১৭ এর মধ্যে প্রশাসন অনুবিভাগ অংশীজনের অংশগ্রহণে ১টি সভা আয়োজন করবে;
- ২) জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল এবং নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক মে/জুন ২০১৭ এর মধ্যে অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের জন্য দিনব্যাপী ওয়ার্কসপ আয়োজন করবে;
- ৩) সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে। ওয়েবসাইটে মতামত/সুপারিশ/অভিযোগ সংক্রান্ত আইকনটি ০৭ দিনের মধ্যে চালু করতে হবে;
- ৪) সকল দপ্তর/সংস্থায় সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করার বিষয়টি অফিস প্রধান কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে এবং সিটিজেন চার্টার যথাস্থানে স্থাপন করতে হবে;
- ৫) দপ্তর/সংস্থায় দুর্নীতির খুসর এলাকা চিহ্নিত করে তা মন্ত্রণালয়কে অবহিত করাসহ তা প্রতিরোধ কর্মপন্থা গ্রহণ করতে হবে;
- ৬) প্রতিটি দপ্তর/সংস্থায় অবিলম্বে ই-ফাইলিং চালু করতে হবে। সরকারি ক্রয়ের ক্ষেত্রে ই-জিপি ব্যবহার আবশ্যিকভাবে চালু করতে হবে;

- ৭) মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা, অধীনস্থ দপ্তর/সংস্থার অনলাইন সেবা কার্যক্রম এবং সেবা সহজীকরণ সংক্রান্ত তথ্য ০৭ দিনের মধ্যে শুদ্ধাচার ফোকাল পয়েন্টকে অবহিত করবে;
  - ৮) 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় পুরস্কার প্রদান কার্যক্রম ২০১৬-১৭ অর্থ বছর থেকে শুরু করবে;
  - ৯) স্থল বন্দর কর্তৃপক্ষ এডিবি/বিশ্ব ব্যাংকের সহায়তায় অবিলম্বে বেনাপোল স্থল বন্দরে অনলাইন সিস্টেম চালু করবে;
  - ১০) এনএমআই আগামী সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে তাদের কার্যালয়ে ভিডিও কনফারেন্স ব্যবস্থা চালু করবে;
  - ১১) জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০১৬-১৭ এর ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- ২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

১৪-০৫-২০১৭

অশোক মাধব রায়  
সচিব

তারিখ : ১৮-০৫-২০১৭খ্রিঃ।

নং ১৮.০০.০০০০.০১৬.২২.০০৫.১৭-২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ১) চেয়ারম্যান, চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪) যুগ্ম-সচিব (আইন হালনাগাদকরণ/বাজেট/চবক ও প্রশাসন/বাস্থবক ও মবক/টিএ/অডিট ও আইন/জাহাজ/টিসি ও বিএসসি/যুগ্ম-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫) কমান্ডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৭) উপসচিব (মোবক/জাহাজ/প্রশাসন/সমন্বয় ও পাবক/টিসি ও বিএসসি/চবক/টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৮) উপ-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক/পাবক/প্রশাসন-২/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১০) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরি:-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১২) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

শেখ কামরুল হাসান  
১৮.০৫.২০১৭

(শেখ কামরুল হাসান)

উপসচিব

ফোন : ৯৫৭৪৪৮০